**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
(আইসিটি শাখা)
**www.thakurgaon.gov.bd**

# জেলা ইনোভেশন টীমের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
ঠাকুরগাঁও।
তারিখ : ২১ অক্টোবর ২০১৩
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
সময় বেলা ১.০০টা।

উপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিষ্ট ' ক

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ইনোভেশন টীমের দায়িত্ব ও কর্মপদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয় এবং উপস্থিত ইনোভেশন টীমের সকল সদস্যকে ইনোভেশন ব্লগে নিয়মিত অংশগ্রহণের জন্য আহবান জানান হয়।

সভায় প্রধান শিক্ষক, ঠাকুরগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়, উপাধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা ও উপজেলা ইনোভেশন টীমের সদস্যগণ বিভিন্ন বিভিন্ন মতামত ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমুহ গ্রহন করা হয়:

| ক্রমিক নম্বর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | সভায় ফেসবুকে জেলা প্রশাসন, ঠাকুরগাঁও এর একটি ফ্যান পেজ চালু করার বিষয়ে আলোচনা হয়। আলোচনায় সহকারী কমিশনার(আইসিটি) প্রস্তাব করেন, জেলা প্রশাসকের কার্যালয়ের বিভিন্ন তথ্য ও নোটিশ সমূহ জেলা ওয়েব পোর্টালের পাশাপাশি ফেসবুক পেজে প্রকাশ করা হলে এর মাধ্যমে জনগণকে আরও কার্যকরভাবে বিভিন্ন সেবা প্রদান করা সম্ভব হবে। বালিয়াডাঙ্গী উপজেলা নির্বাহী অফিসার উক্ত প্রস্তাব সমর্থন করে বলেন, এই ফেসবুক পেজ এর মাধ্যমে আমরা জনসাধারণের পক্ষ হতে বিভিন্ন পরামর্শ ও অভিযোগ গ্রহন করতে পারি এবংসেমোতাবেক দ্রুত পদক্ষেপ গ্রহন করতে পারি। তিনি নিজে তার উপজেলা প্রশাসনের পক্ষ হতে ফেসবুকে একটি পেজ পরিচালনা করবেন বলে জানান। বিষয়টি সভায় উপস্থিত ইনোভেশন টীমের অন্যান্য সদস্যরাও সমর্থন করেন। আলোচনা শেষে সভার সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার সর্বসম্মতি ক্রমে জেলা ও উপজেলা প্রশাসনের পক্ষ হতে ফেসবুকে ফ্যান পেজ খোলার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। | ১। ফেসবুকে ঠাকুরগাঁও জেলা প্রশাসন এর পেজ খুলতে হবে।<br><br>২। ফেসবুকে নিজ নিজ উপজেলা প্রশাসন এর পেজ খুলতে হবে। | ১। সহকারী কমিশনার (আইসিটি)<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২ | জেলা ইনোভেশন টীমের সদস্য ও উপাধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারী কলেজ মহোদয় মাল্টিমিডিয়া ক্লাস রুমের মাধ্যমে শিক্ষা গ্রহনের বিষয়টি উপস্থাপন করেন। তিনি জানান, পাওয়ার পয়েন্টে ক্লাস কন্টেন্ট সমূহ উপস্থাপন করা হলে ক্লাশ/লেকচার সমূহ আরও আকর্ষনীয় হবে। ফলে ছাত্র-ছাত্রী | শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের সহযোগিতায় পাওয়ার পয়েন্টে | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র/ছাত্রীবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| | অতি সহজে ক্লাসের বিষয়বস্তু অনুধাবন করতে পারবে। তিনি আরও জানান, এ বিষয়ে ইতোপূবে বিভিন্ন সময়ে একাধিক শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাদেরকে এ ব্যাপারে দায়িত্ব দেয়া যেতে পারে। | ক্লাস কন্টেন্ট তৈরী করতে হবে। | |
| ৩ | কৃষি সম্পসারণ অফিসার, রাণীশংকৈল, ফেস বুকের মাধ্যমে কৃষি সংক্রান্ত তথ্য সমূহ জনসাধারণকে অবহিত করার প্রস্তাব করেন। তিনি জানান ফেসবুক পেজ হতে আগ্রহী জনগন নিজে অথবা ইউআইএসসি এর সহযোগীতায় কৃষি বিষয়ে বিভিন্ন তথ্য ও পরামর্শ গ্রহন করতে পারবে। | রাণীশংকৈল কৃষি অফিস থেকে ফেস বুকে পেজ চালু করতে হবে। | কৃষি সম্প্রসারণ অফিসার, রাণীশংকৈল ও উপজেলা ইনোভেশন টীমের সদস্য |
| ৪ | সমাপনী বক্তব্যে সভার সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার নিয়মিতভাবে জেলা ও উপজেলা ইনোভিশন টীমের সভা আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বিভিন্ন সরকারী দপ্তর বা প্রতিষ্ঠান সমুহে জনগণকে তাদের কাঙ্খিত সেবা প্রদানের ক্ষেত্রে আরও নতুন নতুন উদ্ভাবনী পদক্ষেপ গ্রহনের আহবান জানান। উপস্থিত অন্যান্য সদস্যগনও বিষয়টিতে একমত পোষন করেন। | নিয়মিত ইনোভেশন টীমের সভা আহবান করতে হবে। | সহকারী কমিশনার (আইসিটি ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
ও
জেলা ইনোভেশন অফিসার
ঠাকুরগাঁও।

স্মারক নম্বর ঃ ০৫.৫৫.৯৪০০.০১৪.০১.০০৫.১১- ১৬৭(১০)  তারিখঃ ০৬/১১/২০১৩ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ**

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। প্রকল্প পরিচালক, এটুআই- II প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সহকারী কমিশনার গোপনীয় (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, ................................., ঠাকুরগাঁও।
২। ........................................................ .. .. .. .. .. .. .. .. .. .. সদস্য, জেলা ইনোভেশন টীম, ঠাকুরগাঁও
৩। অফিস কপি।

অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
ও
জেলা ইনোভেশন অফিসার
ঠাকুরগাঁও
ফোন-০৫৬১৫২০২০

## পরিশিষ্ট ''ক'' (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নম্বর | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোহা: আশরাফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ২ | জনাব মো: মামুনুর রশিদ, উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মো: শফিকুল ইসলাম, পক্ষে, উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মো:তোবারক হুসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মো: আজিজার রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মো:হেমায়েত আলী শাহ, উপজেলা শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ৭ | জনাব মো: রবিউল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, এলইজইডি, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ৮ | জনাব মো: জাকিরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ৯ | জনাব মো: মাসুদ রানা, ফিল্ড সুপারভাইজার, ইজিপিপি, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: আবু বকর সিদ্দীক, উপাধ্যক্ষ, ঠাকুরগাঁও সরকারি কলেজ | স্বাক্ষরিত |
| ১১ | সৈয়দ সুজা মিয়া, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো:মোতাহের হোসেন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব আবু ছালেহ মো: মুসা জঙ্গী, উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মো: আখতারুজ্জামান, প্রধান শিক্ষক, জেলা স্কুল, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোছাম্মৎ শামীমা নাজনীন, অতিরিক্ত কৃষি অফিসার, রাণীশংকৈল, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব শামসুন নাহার ভুঁইয়া, কৃষি সম্প্রসারণ অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: রবিউল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও | স্বাক্ষরিত |